

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ লেফটেন্যান্ট জেনারেল
মহামান্য ম্যাকমাস্টার, মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয়
নিরাপত্তা উপদেষ্টার

লেফটেন্যান্ট জেনারেল মহামান্য ম্যাকমাস্টার, মার্কিন
যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা, আজ সাক্ষাৎ
করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে।

লেফটেন্যান্ট জেনারেল মহামান্য ম্যাকমাস্টার প্রেসিডেন্ট
ডোনাল্ড ট্রাম্পের পাঠানো শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রীকে।
প্রধানমন্ত্রী পুনর্ব্যক্ত করেন প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে
টেলিফোনে তাঁর ইতিবাচক কথাপোকথন, যেখানে
উভয়পক্ষ কৌশলগত অংশীদারিত্বের উপর গুরুত্ব
দিয়েছিলেন এবং ভারত-মার্কিন সম্পর্ক বিস্তৃত করার উপর
গুরুত্ব দিয়েছিলেন।

লেফটেন্যান্ট জেনারেল মহামান্য ম্যাকমাস্টার প্রধানমন্ত্রীর
সঙ্গে আফগানিস্তান, পশ্চিম এশিয়া এবং উত্তর কোরিয়া-
সহ সংশ্লিষ্ট অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে মতবিনিময়
করেন। উভয় দেশ যৌথভাবে কী করে সম্ভ্রাসবাদের
চ্যালেঞ্জ মোকাবিলা করে আঞ্চলিক শান্তি, নিরাপত্তা এবং
স্থিতিশীলতা আনতে পারে, তা নিয়েও আলোচনা করেন
তাঁরা।

নয়াদিল্লি

এপ্রিল ১৮, ২০১৭